

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিস্ফোরক পরিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ওয়েব সাইট: www.explosives.gov.bd  
ই-মেইল: dhaka@explosives.gov.bd

তারিখ: ৪/৭/২০২৫ খ্রি.

স্মারক নম্বর: ১১০-২(ঙ)-০০৩৬/৪৪৩৬


বিষয়: ফরিদপুর জেলার নগরকান্দা থানাধীন ঢাকা-খুলনা মহাসড়কের পার্শ্বে বড়শ্রীবরদী মৌজায় প্রস্তাবিত 'মেসার্স মহসিন এলপিজি গ্যাস ফিলিং স্টেশন' নামীয় এলপিজি অটোগ্যাস ফিলিং স্টেশনের নকশা অনুমোদন বাতিল প্রসঙ্গে।

সূত্র: 'মেসার্স মহসিন এলপিজি গ্যাস ফিলিং স্টেশন' কর্তৃক ২২/০৪/২০২৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিষয় শিরোনামে বর্ণিত প্রস্তাবিত 'মেসার্স মহসিন এলপিজি গ্যাস ফিলিং স্টেশন' নামীয় এলপিজি অটোগ্যাস ফিলিং স্টেশনটির নকশা এ দপ্তরের স্মারক নং ১১০-২(ঙ)-০০৩৬/৪৪৩৬; তারিখ: ২৫/০৫/২০২৩ সংখ্যক পত্রের মাধ্যমে এক বছরের জন্য অনুমোদন করা হয়। নকশা অনুমোদনের মেয়াদ প্রায় ০২ (দুই) বছর অতিক্রান্ত হলেও অনুমোদিত নকশা অনুসারে অদ্যাবধি নির্মাণ কাজ সম্পন্ন করা হয়নি। উল্লেখ্য, অত্র দপ্তরের সহকারী বিস্ফোরক পরিদর্শক জনাব মোঃ ইশরাক উদ্দিন কর্তৃক ০৭/৫/২০২৫ তারিখে পরিদর্শনে আপনার প্রতিষ্ঠানের অনুমোদিত নকশায় বর্ণিত সংশ্লিষ্ট সড়কের পার্শ্বে 'মেসার্স মহসিন এলপিজি গ্যাস ফিলিং স্টেশন' নামীয় কোনো স্থাপনা বা সাইনবোর্ড পরিলক্ষিত হয়নি।

২। এ দপ্তরের স্মারক নং ১১০-২(ঙ)-০০৩৬/৩৬৮৬; তারিখ: ০৪/০৬/২০২৫ সংখ্যক পত্রের মাধ্যমে নকশা অনুমোদনের পর প্রায় ০২ (দুই) বছর অতিক্রান্ত হলেও অদ্যাবধি নির্মাণ কাজ সম্পন্ন না করায় নকশা অনুমোদন কেন বাতিল করা হবে না মর্মে ১০ (দশ) কার্য দিবসের মধ্যে কারণ দর্শাতে নিবন্ধিত ডাক মারফত আপনার বরাবর পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত পত্রের জবাব পাওয়া যায়নি।

৩। এমতাবস্থায়, এলপিজি রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ নীতিমালা, ২০১৬ এর ৪.১ অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে অনুমোদিত নকশা অনুসারে নির্মাণ সম্পন্ন না করায় এ দপ্তরের স্মারক নং ১১০-২(ঙ)-০০৩৬/৪৪৩৬; তারিখ: ২৫/০৫/২০২৩ সংখ্যক পত্রের মাধ্যমে অনুমোদিত নকশা নির্দেশক্রমে বাতিল করা হলো।

  
৩৪/০৭/২৫  
(রিফাত-ই-আশরাফ)

সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা  
ফোন: ২২২২২৫২৫৮

✓ মেসার্স মহসিন এলপিজি গ্যাস ফিলিং স্টেশন  
প্রো: মহসিন সিদ্দিক  
বড়শ্রীবরদী, নগরকান্দা  
ফরিদপুর।

স্মারক নম্বর: ১১০-২(ঙ)-০০৩৬

তারিখ: ৭/৭/২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত:

১। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, ফরিদপুর।

৩। পুলিশ সুপার, ফরিদপুর।

(রিফাত-ই-আশরাফ)

সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা